CAPSTONE

Bangla Lecture#04

পেট্রোবাংলা স্পেশাল কোর্স

Overview

- সমাস
- বিরাম চিহ্ন
- আধুনিক যুগের ক্রমবিকাশ
- আধুনিক যুগের সাহিত্যিক (স্বাধীনতা পূর্ববর্তী)
- মাইকেল মধুসূদন দত্ত
- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
- সাহিত্যিকদের প্রকৃত নাম ও ছদ্মনাম

Name: **Batch:**

Panthapath : 01972-277866
Mirpur : 01970-985421
Mouchak : 01999-017011
Chittangong : 01970-985420

লেকচার শীট-৩ এর উপর মেমোরি টেস্ট-৩

সময়: ১০ মিনিট | প্রাপ্ত নম্বর: | পূর্ণমান: ২০

১. "থেকে থেকে শিশুটি কাঁদছে।" এখানে 'থেকে থেকে' কোন অর্থ প্রকাশ করেছে?
ক. কালের বিস্তার | খ. ভাবের প্রগাঢ়তা | গ. শালীনতা | ঘ. সাধারণ বর্ণনা

২. বহুবচন বা আধিক্য বোঝাতে কোন বাক্যে দ্বিরুক্ত শব্দের প্রয়োগ হয়েছে?
ক. 'এদিকে রোগীর তো জান যায় যায় অবস্থা' | খ. 'সে সে লোক গেল কোথায়'
গ. 'দেখে দেখে যেও' | ঘ. 'ডেকে ডেকে হয়রান হলাম'

৩. বিশেষণ বোঝাতে কোন বাক্যে দ্বিরুক্ত শব্দের প্রয়োগ হয়েছে?
ক. 'ঝির ঝির' করে বাতাস বইছে | খ. পিলসুজে বাতি জ্বলে 'মিটির মিটির'
গ. ফোঁড়াটা 'টন টন' করছে | ঘ. 'ছি ছি' তুমি কি করেছ

৪. কোন কবি 'ধর্মমঙ্গল' কাব্যের প্রণেতা? [সমাজসেবা অফিসার (সমাজকল্যাণ মন্ত্রণালয়)-১০]
ক. বংশীদাস চক্রবর্তী | খ. রূপরাম চক্রবর্তী | গ. মুকুন্দরাম চক্রবর্তী | ঘ. বলরাম চক্রবর্তী

৫. শ্রীকৃষ্ণকীর্তন কাব্য কত সালে আবিষ্কৃত হয়?
ক. ১৯০৯ সালে | খ. ১৯০৭ সালে | গ. ১৯১৬ সালে | ঘ. ১৯২২ সালে

৬. বিদেশী উপসর্গ কোনটি? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকালী প্রোগ্রামার-১৭]
ক. অনা | খ. আব | গ. গর | ঘ. অজ

৭. 'নিখাদ' শব্দে 'নি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা-১৭]
ক. বিশেষ | খ. নিশ্চয় | গ. আতিশয্য | ঘ. সম্যক

৮. 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদকের নাম কী? [26th BCS, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহ. সাইফার কর্মকর্তা-১৭, রাজস্ব সহ. কর্মকর্তা-১৫, সাব-রেজি.-০১]
ক. অবনীন্দ্রনাথ ঠাকুর | খ. ঈশ্বরগুপ্ত | গ. দেবেন্দ্রনাথ ঠাকুর | ঘ. অক্ষয়কুমার দত্ত

৯. 'তত্ত্ববোধিনী' পত্রিকার প্রকাশকাল কবে? [১৭তম বিসিএস]
ক. ১৮৪০ সালে | খ. ১৮৪১ সালে | গ. ১৮৪২ সালে | ঘ. ১৮৪৩ সালে

১০. বাংলা ভাষায় দৈনিক পত্রিকা কোনটি? [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে সহকারী প্রোগ্রামার-১৭]
ক. সংবাদ প্রভাকর | খ. শনিবারের চিঠি | গ. সমাচার দর্পণ | ঘ. বঙ্গদর্শন

১১. আলাওলের 'তোহফা' কোন ধরনের কাব্য? [৩১তম বিসিএস]
ক. আত্মজীবনী | খ. প্রণয়কাব্য | গ. নীতিকাব্য | ঘ. জঙ্গনামা

১২. মহাভারতের প্রথম অনুবাদক কে?
ক. কবীন্দ্র পরমেশ্বর | খ. শ্রীকর নন্দী | গ. কাশীরাম দাস | ঘ. কৃষ্ণ দ্বৈপায়ন ব্যাস

১৩. 'শ্রীকৃষ্ণ বিজয়' এর রচিয়িতা কে?
ক. মুকুন্দরাম চক্রবর্তী | খ. ভারতচন্দ্র রায় | গ. বিজয়গুপ্ত | ঘ. মালাধর বসু

১৪. 'বড়র পিরীতি বালির বাঁধ!
ক্ষণে হাতে দড়ি, ক্ষণেক চাঁদ'- চরণ দুটি কার রচনা? [সহকারী আবহাওয়াবিদ-০৪]
ক. আলাওল | খ. ভারতচন্দ্র রায় | গ. রবীন্দ্রনাথ ঠাকুর | ঘ. শেখ ফজলুল করিম

১৫. ভাড়ুদত্ত কোন কাব্যের চরিত্র? [সহকারী পরিচালক (বন ও পরিবেশ মন্ত্রণালয়-৯৫)]
ক. চণ্ডীমঙ্গল | খ. শ্রীকৃষ্ণকীর্তন | গ. মনসামঙ্গল | ঘ. অন্নদামঙ্গল

১৬. 'অল্প' অর্থে 'অ' উপসর্গটি ব্যবহৃত হয়েছে কোন শব্দে?
ক. অবেলা | খ. অবজ্ঞা | গ. অকাজ | ঘ. অবোধ

১৭. কোন শব্দে 'নি' খাঁটি বাংলা উপসর্গ হিসেবে ব্যবহৃত হয়েছে?
ক. নিতান্ত | খ. নিখুঁত | গ. নিদারুণ | ঘ. নিদর্শক

১৮. নিচের কোনটি ফারসি উপসর্গ?
ক. কু | খ. কার | গ. কদ | ঘ. সা

১৯. 'একখানা বই কিনে দিও।' এখানে 'খানা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. অনির্দিষ্টতা অর্থে | খ. নির্দিষ্টতা অর্থে | গ. নিরর্থকভাবে | ঘ. সার্থক অর্থে

২০. 'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ? [সহকারী জজ নিয়োগ পরীক্ষা-০৭]
ক. সমার্থে | খ. বৃহদার্থে | গ. ক্ষুদ্রার্থে | ঘ. বিপরীতার্থে

সমাস

♦ সমাস শব্দটির অর্থ সংক্ষেপণ, মিলন কিংবা একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের একসাথে যুক্ত হয়ে নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। পরস্পর অর্থসঙ্গতি সম্পন্ন দুই বা ততোধিক পদের এক পদে পরিণত হওয়াই সমাস। সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে এসেছে। যেমন: বই ও পুস্তক = বই-পুস্তক, দেশের সেবা = দেশসেবা।

♦ **সমাসের বিভিন্ন পরিভাষা:**

সমস্তপদ : সমাসবদ্ধ বা সমাস নিষ্পন্ন পদটির নাম সমস্তপদ।
সমস্যমান পদ : যে কয়টি পদ মিলিয়ে সমাস হয়, তাদের প্রত্যেকটি পদকে আলাদা-আলাদাভাবে সমস্যমান পদ বলে।
পূর্বপদ : সমস্তপদকে বিশ্লেষণ করলে প্রথম যে পদটি পাওয়া যায় তা পূর্বপদ।
পরপদ : সমস্তপদকে বিশ্লেষণ করলে শেষ যে পদটি পাওয়া যায় তাই পরপদ বা উত্তরপদ।
ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য : সমস্তপদকে ভাঙলে যে শব্দগুলো পাওয়া যায় তাকে ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য বা সমাসবাক্য বলে।



উদাহরণ: বিলাত থেকে ফেরত = বিলাত ফেরত।
এখানে, সমস্ত পদ = বিলাত ফেরত ব্যাসবাক্য = বিলাত থেকে ফেরত সমস্যমান পদ = বিলাত-ফেরত
পূর্বপদ = বিলাত পরপদ = ফেরত

♦ সমাসের প্রকারপদ: সমাস প্রধানত চার প্রকার। যথা:
১. দ্বন্দ্ব সমাস (উভয়পদের অর্থ প্রধান) ২. কর্মধারয় সমাস (পরপদের অর্থ প্রধান)
৩. তৎপুরুষ সমাস (পরপদের অর্থ প্রধান) ৪. বহুব্রীহি সমাস (তৃতীয় কোনো ভিন্ন অর্থ প্রধান)
নোট: পূর্বে ব্যাকরণবিদরা সমাসকে ছয় ভাগে ভাগ করেছিলেন। যথা- ১. দ্বন্দ্ব ২. দ্বিগু ৩. কর্মধারয় ৪. তৎপুরুষ ৫. অব্যয়ীভাব ৬. বহুব্রীহি।

♦ **দ্বন্দ্ব সমাস:** দ্বন্দ্ব শব্দের অর্থ মিলন কিংবা সংঘাত। সমাসের ক্ষেত্রে দ্বন্দ্ব অর্থ 'মিলন' গৃহীত হয়। যে সমাসের সমস্তপদে পূর্বপদ এবং পরপদ উভয়পদের অর্থের প্রাধান্য থাকে তাকে দ্বন্দ্ব সমাস বলে। দ্বন্দ্ব সমাসে ব্যাসবাক্য তৈরির জন্য 'এবং', 'ও', 'আর' ইত্যাদি যোজক ব্যবহৃত হয়। যেমন: জায়া ও পতি = দম্পতি, বই ও পুস্তক = বইপুস্তক ইত্যাদি। দ্বন্দ্ব সমাস কয়েক প্রকার হয়ে থাকে। যথা:

ক. **সাধারণ দ্বন্দ্ব:** একাধিক পদের একত্র অবস্থানে দ্বন্দ্ব সমাস হলে তাকে সাধারণ দ্বন্দ্ব সমাস বলে। যেমন: কালি ও কলম = কালিকলম, লতা ও পাতা = লতাপাতা ইত্যাদি।

খ. **মিলনার্থক দ্বন্দ্ব সমাস:** একাধিক পদের মিলন বোঝাতে দ্বন্দ্ব সমাস হলে তাকে মিলনার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: জ্বীন ও পরী = জ্বীন-পরী, পান ও তামাক = পানতামাক, মশা ও মাছি = মশামাছি ইত্যাদি।

গ. **সমন্ধবাচক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসে সম্বন্ধ বোঝায় তাকে সম্বন্ধবাচক দ্বন্দ্ব সমাস বলে। যেমন- স্বামী ও স্ত্রী = স্বামী-স্ত্রী, জায়া ও পতি = দম্পতি, ভাই ও বোন = ভাই-বোন, মাতা ও পিতা = মাতা-পিতা, ছেলে ও মেয়ে = ছেলে-মেয়ে, বাবা ও মা = বাবা-মা ইত্যাদি।

ঘ. **সমার্থক দ্বন্দ্ব সমাস:** বাংলা ভাষায় বহু যুগ্মশব্দ প্রচলিত আছে, এগুলোকে সমার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: প্রেম ও প্রীতি = প্রেম-প্রীতি, টাকা ও কড়ি = টাকা-কড়ি, লজ্জা ও শরম = লজ্জা-শরম ইত্যাদি।

ঙ. **বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস:** দ্বন্দ্ব সমাসের পূর্বপদ ও পরপদ বিপরীত অর্থ বহন করলে তাকে বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: ছোট ও বড় = ছোটবড়; সুখ ও দুঃখ = সুখদুঃখ।

চ. **বিরোধার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের পূর্ব ও পরপদের মধ্যে আপাত বিরোধ আছে বলে মনে হয় তাকে বিরোধার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: দা ও কুমড়ো = দাকুমড়ো।

ছ. **অলুক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদের বিভক্তি সমস্ত পদে লোপ না পেয়ে অক্ষুণ্ন থাকে তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: ধনে ও জনে = ধনে-জনে, মায়ে ও ঝিয়ে = মায়ে-ঝিয়ে, ঘরে ও বাইরে = ঘরে-বাইরে ইত্যাদি।

জ. **বহুপদী দ্বন্দ্ব সমাস:** তিন বা তারও বেশি পদ মিলে যে দ্বন্দ্ব সমাস হয় তাকে বহুপদী দ্বন্দ্ব সমাস বলে। যেমন: সাহেব, বিবি ও গোলাম = সাহেব-বিবি-গোলাম।

♦ **কর্মধারয় সমাস:** বিশেষ্য ও বিশেষণ পদ মিলে যে সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাসে পরপদের অর্থই প্রধান। কর্মধারয় সমাসে ব্যাসবাক্যে 'যে', 'যিনি', 'যেটি' ইত্যাদি যোজক ব্যবহৃত হয়। যেমন: গোলাপ নামের ফুল = গোলাপফুল; যা কাঁচা তাই মিঠা = কাঁচামিঠা।

♦ কর্মধারয় সমাস কয়েক প্রকারে সাধিত হয়। যথা:

ক. দুটি বিশেষণ পদ একটি বিশেষ্যকে বোঝালে। যেমন: যে চালাক সে চতুর = চালাক-চতুর।

খ. দুটি বিশেষ্য পদ একই ব্যক্তি বা বস্তুকে বোঝালে। যেমন: যিনি জজ তিনিই সাহেব = জজসাহেব।

গ. কার্যে পরম্পরা বোঝাতে দুটি কৃদন্ত বিশেষণ পদেও কর্মধারয় সমাস হয়। যেমন: আগে ধোয়া পরে মোছা = ধোয়ামোছা।

ঘ. পূর্বপদে স্ত্রীবাচক বিশেষণ থাকলে কর্মধারয় সমাসে সেটি পুরুষবাচক হয়। যেমন: সুন্দরী যে লতা = সুন্দরলতা, মহতী যে কীর্তি = মহাকীর্তি।

ঙ. বিশেষবাচক মহান বা মহৎ শব্দ পূর্বপদ হলে 'মহৎ' ও 'মহান' স্থানে 'মহা' হয়। যেমন: মহৎ যে জ্ঞান = মহাজ্ঞান, মহান যে নবি = মহানবি।

চ. পূর্বপদে 'কু' বিশেষণ থাকলে এবং পরপদের প্রথমে স্বরধ্বনি থাকলে 'কু' স্থানে 'কদ্' হয়। যেমন: কু যে অর্থ = কদর্থ, কু যে আচার = কদাচার।

ছ. পরপদে 'রাজা' শব্দ থাকলে কর্মধারয় সমাসে 'রাজ' হয়। যেমন: মহান যে রাজা = মহারাজ।

জ. বিশেষণ ও বিশেষ্য পদে কর্মধারয় সমাস হলে, কখনো কখনো বিশেষণ পরে আসে, বিশেষ্য আগে যায়। যেমন: সিদ্ধ যে আলু = আলুসিদ্ধ, অধম যে নর = নরাধম।

♦ কর্মধারয় সমাস কয়েক প্রকার হয়। যথা:

১. **সাধারণ কর্মধারয় সমাস:** মধ্যপদলোপী, উপমান, উপমিত ও রূপক কর্মধারয় সমাস ব্যতীত অন্যান্য কর্মধারয় সমাসকে সাধারণ কর্মধারয় সমাস বলে। যেমন:

বিশেষণ + বিশেষ্য		
কাঁচা যে কলা = কাঁচকলা	দুঃ যে শাসন = দুঃশাসন	ঝরাপাতা, মহানগর, কুশাসন, ক্ষুধিত পাষাণ, সুকীর্তি, গুণিজন
দুঃ যে অবস্থা = দুরবস্থা	মহৎ যে আত্মা = মহাত্মা	
বিশেষণ + বিশেষণ		
যিনি সুস্থ তিনি সবল = সুস্থসবল	যা হৃষ্ট তা পুষ্ট = হৃষ্টপুষ্ট	অম্লমধুর, কঠিনকোমল, কাঁচাপাকা, গরমভাজা, গণ্যমান্য, গুরুমশাই
বিশেষ্য + বিশেষণ		
সিদ্ধ যে আলু = আলুসিদ্ধ	বাটা যে হলুদ = হলুদবাটা	মাছভাজা, চালভাজা, পটলভাজা, নরোত্তম, বেগুনপোড়া, লঙ্কাবাটা
বিশেষ্য + বিশেষ্য		
যিনিই দাদা তিনিই ভাই = দাদাভাই	যিনিই মৌলভী তিনিই সাহেব = মৌলভীসাহেব	খোকাবাবু, গোলাপফুল, ভূলোক, গুরুদেব, গিন্নিমা, ডাক্তারসাহেব

২. **মধ্যপদলোপী কর্মধারয় সমাস:** ব্যাসবাক্যের মাঝের পদ লোপ পেয়ে যে সমাস হয়, তাই মধ্যপদলোপী কর্মধারয় সমাস। যেমন: সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ	সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা	উল্কাপিণ্ড, ডালভাত, হাতপাখা, পলান্ন, একাদশ, আয়কর, চালকুমড়া, প্রবালপ্রাচীর, শিক্ষামন্ত্রী, নাতজামাই, পাষাণহৃদয়, মৌমাছি, ছায়াতরু, গোলাপ ফুল
গোবরে নির্মিত গনেশ = গোবর গনেশ	জ্যোৎস্না শোভিত রাত = জ্যোৎস্নারাত	
হাতে পরা হয় যে ঘড়ি = হাতঘড়ি	বিজয় নির্দেশক পতাকা = বিজয়-পতাকা	
হাসি মাখা মুখ = হাসিমুখ	ঝাল মিশ্রিত মুড়ি = ঝালমুড়ি	
সংবাদ যুক্ত পত্র = সংবাদপত্র	প্রাণ যাওয়ার ভয় = প্রাণভয়	
জয় সূচক ধ্বনি = জয়ধ্বনি	ধর্ম রক্ষার্থে ঘট = ধর্মঘট	
ঘি মাখানো ভাত = ঘিভাত	ঘরে আশ্রিত জামাই = ঘরজামাই	

৩. **উপমান কর্মধারয় সমাস:** যার সঙ্গে তুলনা করা হয়, তা উপমান। কিছু কর্মধারয় সমাসে উপমানের সঙ্গে গুণবাচক শব্দের সমাস হয়। এগুলোকে উপমান কর্মধারয় সমাস বলে। যেমন:

তুষারশুভ্র (বিশেষ্য + বিশেষণ) = তুষারের ন্যায় শুভ্র
কাজলকালো (বিশেষ্য + বিশেষণ) = কাজলের ন্যায় কালো
বিড়ালের ন্যায় তপস্বী = বিড়ালতপস্বী
কুসুমের ন্যায় কোমল = কুসুমকোমল
বকের ন্যায় ধার্মিক = বকধার্মিক
শশের মতো ব্যস্ত = শশব্যস্ত
কচুর মতো কাটা = কচুকাটা
মিশির মত কালো = মিশকালো

৪. **উপমিত কর্মধারয় সমাস:** যাকে তুলনা করা হয়, তা উপমেয়। কিছু কর্মধারয় সমাসে উপমেয় পদের সাথে উপমান পদের সমাস হয়। এগুলোকে উপমিত কর্মধারয় সমাস বলে। এতে দুটো পদই বিশেষ্য হয় এবং উপমেয় পদটি পূর্বে বসে। যেমন:

পুরুষসিংহ (বিশেষ্য+বিশেষ্য) = পুরুষ সিংহের ন্যায়	মুখচন্দ্র (বিশেষ্য + বিশেষ্য) = মুখ চন্দ্রের ন্যায়	চরণকমল, অধরপল্লব, চাঁদবদন, চাঁদমুখ, হাঁড়িমুখ, চরণপদ্ম, মুখপদ্ম
কুমারী ফুলের ন্যায় = ফুলকুমারী	আঁখি পদ্মের ন্যায় = পদ্মআঁখি	
কর পল্লবের ন্যায় = করপল্লব	বাহু লতার ন্যায় = বাহুলতা	

৫. **রূপক কর্মধারয় সমাস:** উপমিত ও উপমানের অভেদ কল্পনামূলক সমাসকে বলে রূপক কর্মধারয় সমাস।

ক্রোধ রূপ অনল = ক্রোধানল	বিষবৃক্ষ = বিষ রূপ বৃক্ষ	হৃদয় রূপ মন্দির = হৃদয়মন্দির	দেহপিঞ্জর, জ্ঞানবৃক্ষ, জীবনতরী, বিদ্যাধন
বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু	মন রূপ মাঝি = মনমাঝি	প্রাণ রূপ পাখি = প্রাণপাখি	

৬. **দ্বিগু কর্মধারয়:** কিছু কর্মধারয় সমাসের পূর্বপদ সংখ্যাবাচক শব্দ হয়, সেগুলোকে দ্বিগু কর্মধারয় বলে। যেমন: তিন ফলের সমাহার = ত্রিফলা; চার রাস্তার মিলন = চৌরাস্তা।

♦ **তৎপুরুষ সমাস:** যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় এবং পরপদের অর্থ প্রাধান্য পায় তাকেই তৎপুরুষ সমাস বলে। সমস্যমান পদের বিভক্তি ও সন্নিহিত অনুসর্গ লোপ পেয়ে যে সমাস হয়, তার নাম তৎপুরুষ সমাস। তপুরুষ সমাসের পূর্বপদে দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত যেকোনো বিভক্তি থাকতে পারে; আর পূর্বপদের বিভক্তি অনুসারে এদের নামকরণ হয়। যেমন: পদ থেকে চ্যুত = পদচ্যুত। এখানে 'থেকে' বিভক্তি লুপ্ত হয়েছে। তৎপুরুষ সমাস ৯ প্রকার। যথা:

১. **দ্বিতীয়া তৎপুরুষ সমাস:** পূর্বপদে দ্বিতীয়া বিভক্তি (কে, রে, ব্যাপিয়া) লোপ পেয়ে যে সমাস হয়, তাই দ্বিতীয়া তৎপুরুষ সমাস। যেমন- বইকে পড়া = বইপড়া।

হলুদকে বাটা = হলুদবাটা	বিপদকে আপন্ন = বিপদাপন্ন	আত্মরক্ষা, আত্মহত্যা, কাপড়-কাচা, গুনটানা, জাতিগত, দুঃখপ্রাপ্ত, নারী-নির্যাতন, পদত্যাগ, চুক্তি সম্পাদন, চিরকুমারী, চিরকৃতজ্ঞ, চিরদুঃখী, চিরবসন্ত, চিরস্মরণীয়, দীর্ঘস্থায়ী
বিস্ময়কে আপন্ন = বিস্ময়াপন্ন	দেবকে দত্ত = দেবদত্ত	
ছেলেকে ভুলানো = ছেলে-ভুলানো (ছড়া)	ক্ষণকাল ধরে স্থায়ী = ক্ষণস্থায়ী	
রথকে দেখা = রথদেখা	বীজকে বোনা = বীজবোনা	
ভাতকে রাঁধা = ভাতরাঁধা	দুঃখকে অতীত = দুঃখাতীত	
চিরকাল ব্যাপিয়া স্থায়ী = চিরস্থায়ী	চিরকাল ধরে সুখ = চিরসুখ	

২. **তৃতীয়া তৎপুরুষ সমাস:** পূর্বপদে তৃতীয়া বিভক্তি (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপ পেয়ে যে সমাস হয়, তাই তৃতীয়া তৎপুরুষ সমাস। যেমন: মন দ্বারা গড়া = মনগড়া।

শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ	মধু দিয়ে মাখা = মধুমাখা	বাক দ্বারা বিতণ্ডা = বাকবিতণ্ডা	ধনে আঢ্য = ধনাঢ্য

- 'ঊন', 'হীন', 'শূন্য' প্রভৃতি শব্দ উত্তরপদ হলেও তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন: এক দ্বারা ঊন = একোন।

বিদ্যা দ্বারা হীন = বিদ্যাহীন	জ্ঞান দ্বারা শূন্য = জ্ঞানশূন্য	পাঁচ দ্বারা কম = পাঁচ কম (একশ)

- উপকরণবাচক বিশেষ্য পদ পূর্বপদে বসলেও তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন: স্বর্ণ দ্বারা মণ্ডিত = স্বর্ণমণ্ডিত।

হীরক দ্বারা খচিত = হীরকখচিত	অস্ত্রাঘাত, কণ্টকাকীর্ণ, ঢেঁকিছাটা, মন্ত্রমুগ্ধ, আইনসংগত, ছায়াচ্ছন্ন, দুগ্ধপোষ্য, বিজ্ঞানসম্মত, ঋণগ্রস্ত, কষ্টার্জিত, ছায়াশীতল, ঝাঁটাপেটা, ধর্মান্ধ, বায়ুচালিত, ভারাক্রান্ত, শস্যশ্যামল
চন্দন দ্বারা চর্চিত = চন্দনচর্চিত	
রত্ন দ্বারা শোভিত = রত্নশোভিত	

৩. **চতুর্থী তৎপুরুষ সমাস:** পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপ পেয়ে যে সমাস হয় তাই চতুর্থী তৎপুরুষ সমাস। যেমন- বিয়ের জন্য পাগল = বিয়েপাগল।

গুরুকে ভক্তি = গুরুভক্তি	মুসাফিরের জন্য খানা = মুসাফিরখানা	সভামঞ্চ, স্বদেশপ্রেম, ফাঁসিকাষ্ঠ, কাঁদানেগ্যাস, কিশোরপত্রিকা, পাঠকক্ষ, পাঠশালা
ডাকের জন্য মাশুল = ডাকমাশুল	হজ্জের নিমিত্ত যাত্রা = হজ্জযাত্রা	
রান্নার নিমিত্তে ঘর = রান্নাঘর	ছাত্রের জন্য আবাস = ছাত্রাবাস	
বসতের নিমিত্ত বাড়ি = বসতবাড়ি	মাপের জন্য কাঠি = মাপকাঠি	

৪. **পঞ্চমী তৎপুরুষ সমাস:** পূর্বপদে পঞ্চমী বিভক্তি (হইতে, থেকে, চেয়ে ইত্যাদি) লোপ পেয়ে যে সমাস হয় তাই পঞ্চমী তৎপুরুষ সমাস। যেমন: পাপ হতে মুক্ত = পাপমুক্ত।

খাঁচা থেকে ছাড়া = খাঁচাছাড়া	ইতি হতে আদি = ইত্যাদি	দুগ্ধজাত, স্বর্গচ্যুত, কৃষিজাত, হাতছাড়া, স্নেহবঞ্চিত, বিদেশাগত, বিক্রয়লব্ধ, সত্যভ্রষ্ট, দলছুট
বদ থেকে জাত = বজ্জাত	গদি থেকে চ্যুত = গদিচ্যুত	
গ্রাম থেকে ছাড়া = গ্রামছাড়া	বিলাত থেকে ফেরত = বিলাতফেরত	

৫. **ষষ্ঠী তৎপুরুষ সমাস:** পূর্বপদে ষষ্ঠী বিভক্তি (র, এর) লোপ পেয়ে যে সমাস হয় তাই ষষ্ঠী তৎপুরুষ সমাস। যেমন:

বিশ্বের কবি = বিশ্বকবি	চন্দ্রের অর্ধ = অর্ধচন্দ্র	কর্মক্ষেত্র, খাদ্যপ্রাণ, গৃহসজ্জা, দলপতি, পরাধীন, সভানেত্রী, কবিগুরু, গ্রন্থাগার, জীবনচরিত, ধর্মসংস্কার, বিশ্বনবী, ক্ষতচিহ্ন, চন্দ্রগ্রহণ, বিশ্বাসঘাতক
হাঁসের রাজা = রাজহাঁস	বাঁদরের নাচ = বাঁদরনাচ	
ভোটের অধিকার = ভোটাধিকার	ঘোড়ার গাড়ি = ঘোড়গাড়ি	
খেয়ার ঘাট = খেয়াঘাট	ঘোড়ার দৌড় = ঘোড়দৌড়	
বটের তলা = বটতলা	রান্নার ঘর = রান্নাঘর	

- ষষ্ঠী তৎপুরুষ সমাসে 'রাজা' স্থলে 'রাজ', পিতা, মাতা, ভ্রাতা স্থলে যথাক্রমে 'পিতৃ', 'মাতৃ', 'ভ্রাতৃ' হয়। যেমন-

রাজার পুত্র = রাজপুত্র	পিতার ধন = পিতৃধন	পুত্রের বধূ = পুত্রবধূ
মাতার সেবা = মাতৃসেবা	ভ্রাতার স্নেহ = ভ্রাতৃস্নেহ	গজনীর রাজা = গজনীরাজ

- কালের কোনো অংশবোধক শব্দ পরে থাকলে তা পূর্বে বসে। যেমন: অহ্নের (দিনের) পূর্বভাগ = পূর্বাহ্ন।
- পরপদে রাজি, গ্রাম, বৃন্দ, গণ, যূথ প্রভৃতি সমষ্টিবাচক শব্দ থাকলে ষষ্ঠী তৎপুরুষ সমাস হয়। যেমন: ছাত্রের বৃন্দ = ছাত্রবৃন্দ, গুণের গ্রাম = গুণগ্রাম, হস্তীর যূথ = হস্তীযূথ।
- অর্ধ শব্দ পরপদ হলে সমস্তপদে তা পূর্বপদ হয়। যেমন: পথের অর্ধ = অর্ধপথ; দিনের অর্ধ = অর্ধদিন।
- শিশু, দুগ্ধ ইত্যাদি শব্দ পরে থাকলে স্ত্রীবাচক পূর্বপদ পুরুষবাচক হয়। যেমন: মৃগীর শিশু = মৃগশিশু, ছাগীর দুগ্ধ = ছাগদুগ্ধ, কুকুরীর ছানা = কুকুরছানা।
- ব্যাসবাক্যে 'রাজা' শব্দ পরে থাকলে সমস্তপদে তা আগে বসে। যেমন: পথের রাজা = রাজপথ; হাঁসের রাজা = রাজহাঁস।

৬. **সপ্তমী তৎপুরুষ সমাস:** পূর্বপদে সপ্তমী বিভক্তি (এ, য়, তে) লোপ পেয়ে যে সমাস হয় তাই সপ্তমী তৎপুরুষ সমাস। সপ্তমী তৎপুরুষ সমাসে কোনো কোনো সময় ব্যাসবাক্যের পরপদ সমস্তপদের পূর্বে বসে। যেমন: জলে মগ্ন = জলমগ্ন।

গাছে পাকা = গাছপাকা	দিবায় নিদ্রা = দিবানিদ্রা	অকালমৃত্যু, দেশবিখ্যাত, চিন্তামগ্ন, রণনিপুণ, ধর্মভীরু, রাতকানা, শিরোধার্য, অকালপক্ব, আকাশভ্রমণ, ভোজনপটু, ঘরপোড়া
পূর্বে ভূত = ভূতপূর্ব	পূর্বে অশ্রুত = অশ্রুতপূর্ব	
পূর্বে অদৃষ্ট = অদৃষ্টপূর্ব	দানে বীর = দানবীর	
মাথায় ব্যথা = মাথাব্যথা	গলাতে ধাক্কা = গলাধাক্কা	

৭. **নঞ্ তৎপুরুষ সমাস:** না বাচক নঞ অব্যয় (না, নেই, নাই, নয়) পূর্বে বসে যে সমাস হয় তাই নঞ তৎপুরুষ সমাস। যেমন:নয় কাঁড়া=আকাঁড়া।

ন আচার = অনাচার	নয় ধর্ম = অধর্ম	ন বিশ্বাস = অবিশ্বাস
নয় বিশ্বাস্য = অবিশ্বাস্য	ন অতিদূর = নাতিদূর	বে (নয়) আইনি = বেআইনি
ন সময় = অসময়	ন সহযোগ = অসহযোগ	ন অশন = অনশন
ন সুখ = অসুখ	নাই জানা = অজানা	নয় দীর্ঘ = নাতিদীর্ঘ
নয় সৃষ্টি = অনাসৃষ্টি	নাই তাল = বেতাল	নয় উচিত = অনুচিত
নয় এক = অনেক	নয় হাজির = গরহাজির	ন আদর = অনাদর
ন কাতর = অকাতর	ন (নয়) ক্ষত = অক্ষত	ন অভিজ্ঞ = অনভিজ্ঞ
ন উর্বর = অনুর্বর	নয় পর্যাপ্ত = অপর্যাপ্ত	ন অতিশীতোষ্ণ = নাতিশীতোষ্ণ
ন কেজো = অকেজো	ন উন্নত = অনুন্নত	ন (মন্দ অর্থে) গাছ = আগাছা
ন (নয়) সরকারি = বেসরকারি	নাই খরচা = নিখরচা	নাই হুঁশ = বেহুঁশ
নয় মঞ্জুর = নামঞ্জুর	নাই খুঁত = নিখুঁত	নাই মিল = গরমিল

৮. **উপপদ তৎপুরুষ সমাস:** যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ-প্রত্যয় যুক্ত হয়, সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাই উপপদ তৎপুরুষ সমাস। যেমন: পঙ্কে জন্মে যা = পঙ্কজ।

জলে চরে যা = জলজ	জল দেয় যে = জলদ	পকেট মারে যে = পকেটমার
ছা পোষে যে = ছা-পোষা	ধামা ধরে যে = ধামাধরা	অগ্রে গমন করে যে = অগ্রগামী
বর্ণ চুরি করে যে = বর্ণচোরা	প্রিয় কথা বলে যে নারী = প্রিয়ংবদা	খ (আকাশে) তে চরে যা = খেচর
ইন্দ্রকে জয় করেছে যে = ইন্দ্রজিৎ	সব হারিয়েছে যে = সর্বহারা	মনে মরেছে যে = মনমরা
জাদু করে যে = জাদুকর	ক্ষীণভাবে বাঁচে যে = ক্ষীণজীবী	অর্থ করা যায় যার দ্বারা = অর্থকরী
একান্নে (এক অন্নে) বর্তে যে = একান্নবর্তী		

৯. **অলুক তৎপুরুষ সমাস:** যে তৎপুরুষ সমাসে পূর্বপদের দ্বিতীয়াদি বিভক্তি লোপ পায় না, তা অলুক তৎপুরুষ সমাস। যেমন: কলুর বলদ=কলুর বলদ।

তেলে ভাজা = তেলেভাজা	ঘিয়ে ভাজা = ঘিয়েভাজা	কলে ছাঁটা = কলেছাঁটা
গরুর গাড়ি = গরুর গাড়ি	কলের গান = কলের গান	পায়ে ধরা = পায়ে ধরা

♦ **বহুব্রীহি সমাস:** যে সমাসে পূর্বপদ বা পরপদ- কোনটির অর্থ না বুঝিয়ে অন্যকোনো অর্থ বোঝায় তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন: 'বহুব্রীহি' শব্দে 'বহু' মানে 'অনেক' আর 'ব্রীহি' মানে 'ধান'। কিন্তু 'বহুব্রীহি মানে অনেক ধান নয়' বরং 'বহু ধান আছে এমন অবস্থাসম্পন্ন মানুষকে বোঝায়'।

- **প্রকারভেদ:** বহুব্রীহি সমাস বেশ কয়েক প্রকারের হয়ে থাকে। যথা:-
- **সমানাধিকরণ বহুব্রীহি সমাস:** যে বহুব্রীহি সমাসের পূর্বপদে বিশেষণ এবং পরপদে বিশেষ্য অথবা পূর্বপদ বিশেষ্য এবং পরপদ বিশেষণ হয় তাকে সমানাধিকরণ বহুব্রীহি সামস বলে। যেমন:

সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য
উচ্চশির	উচ্চ শির যার	নীলকণ্ঠ	নীল কণ্ঠ যার	হতশ্রী	হত হয়েছে শ্রী যার
সুশ্রী	সু শ্রী যার	পক্বকেশ	পক্ব কেশ যার	খোশমেজাজ	খোশ মেজাজ যার

- **ব্যাধিকরণ বহুব্রীহি সমাস:** যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পরপদ কোনটিই সাধারণত বিশেষণ নয় (অন্যপদ), তাকে ব্যাধিকরণ বহুব্রীহি সমাস বলে। পূর্বপদ ও পরপদ সাধারণত বিশেষ্য হয়। যেমন-

সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য
পদ্মনাভ	পদ্ম নাভিতে যার	আশীবিষ	আশীতে বিষ যার
দুকানকাটা	দুই কান কাটা যার	বজ্রদেহ	বজ্রতে দেহ যার
বীণাপাণি	বীণা পাণিতে যার	ছাপোষা	ছা পোষা যার

- **ব্যতিহার বহুব্রীহি সমাস:** যে বহুব্রীহি সমাসে দুটি একরূপ বিশেষ্য দিয়ে এক জাতীয় কাজ বোঝায়, তাকে ব্যতিহার বহুব্রীহি সমাস বলে। অথবা, ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়।

সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য
হাতাহাতি	হাতে হাতে যে লড়াই	কোলাকুলি	কোলে কোলে যে মিল
কানাকানি	কানে কানে যে কথা	ঘুষাঘুষি	ঘুষিতে ঘুষিতে যে লড়াই
লাঠালাঠি	লাঠিতে লাঠিতে যে দুদ্ধ	হাসাহাসি	হাসিতে হাসিতে যে ক্রিয়া

- **নঞর্থক বহুব্রীহি সমাস:** নঞর্থক অব্যয় পদের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস তাকে নঞর্থক বহুব্রীহি সমাস বলে। যেমন:

সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য
নিষ্কলঙ্ক	নাই কলঙ্ক যার	অবুঝ	নেই বুঝ যার
বিপত্নীক	বিগত পত্নী যার	অপয়া	নেয় পয় যার
বেকার	কর্ম নাই যার	বেহায়া	বে হায়া যার
বেওয়ারিশ	বে (নাই) ওয়ারিশ যার	নিরক্ষর	অক্ষরজ্ঞান নেই যার

- **মধ্যপদলোপী বহুব্রীহি সমাস:** যে বহুব্রীহি সমাসের ব্যাসবাক্যের মধ্যস্থিত কোনো পদ লোপ পায়, তাকে মধ্যপদলোপী বহুব্রীহি সমাস বলে। যেমন:

সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য
কমলাক্ষ	কমলের মতো অক্ষি যার	বিড়ালচোখী	বিড়ালের চোখের ন্যায় চোখ যে নারীর
কাঞ্চনপ্রভা	কাঞ্চন বা সোনার মতো প্রভা যার	শূর্পণখা	শূর্পের (কুলা) ন্যায় নখ যে নারীর
দশবছুরে	দশ বছর বয়স যার	সোনামুখী	সোনার মতো উজ্জ্বল মুখ যার

- **সংখ্যাবাচক বহুব্রীহি সমাস:** যে বহুব্রীহি সমাসের পূর্বপদ সংখ্যাবাচক এবং পরপদ বিশেষ্য তাকে সংখ্যাবাচক বহুব্রীহি সমাস বলে। যেমন:

সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য
তেপায়া	তিন পায়া যার	সহস্রলোচন	সহস্র লোচন যার	দোনলা	দুটি নল যার
দ্বিপদী	দুই পদ যার	দশানন	দশ আনন (মুখ) যার	চৌচালা	চৌ (চার) চাল যে ঘরের

- **অলুক বহুব্রীহি সমাস:** বহুব্রীহি সমাসে পূর্বপদের বিভক্তি বজায় থাকলে ও কোন পদের পরিবর্তন না হলে তাকে অলুক বহুব্রীহি সমাস বলে। যেমন:

সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য
গায়ে হলুদ	গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে	পায়েবেড়ি	পায়ে বেড়ি আছে যার
মুখে ভাত	মুখে ভাত দেয়া হয় যে অনুষ্ঠানে	হাতেখড়ি	হাতে খড়ি দেয়া হয় যে অনুষ্ঠানে

- **সহার্থক বহুব্রীহি সমাস:** সহার্থক (সহ অর্থ জ্ঞাপক) পদের সঙ্গে বিশেষ্য পদের বহুব্রীহি সমাস হলে, তাকে সহার্থক বহুব্রীহি সমাস বলে। যেমন:

সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য	সমস্তপদ	ব্যাসবাক্য
সবিনয়	বিনয়ের সাথে বর্তমান	সহৃদয়	হৃদয়ের সঙ্গে বর্তমান	সবান্ধব	বান্ধবের সাথে বর্তমান
সদর্প	দর্পের সঙ্গে বর্তমান	সাদর	আদরের সাথে বর্তমান	সস্ত্রীক	স্ত্রীর সঙ্গে বর্তমান

বিরাম চিহ্ন

- মুখের কথাকে লিখিত রূপ দেয়ার সময়ে থামা বোঝাতে যেসব চিহ্ন ব্যবহৃত হয়, সেগুলোকে যতিচিহ্ন বলে। বক্তব্যকে স্পষ্ট করতেও কিছু চিহ্ন ব্যবহৃত হয়ে থাকে। যতিচিহ্নকে বিরামচিহ্ন বা বিরতিচিহ্নও বলা হয়। বাক্যের অর্থ সহজভাবে বোঝাতে, শ্বাস বিরতির জায়গা দেখাতে, বাক্যকে অলংকৃত করতে কিংবা বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য বিরাম চিহ্ন ব্যবহৃত হয়।

- বাংলা ভাষায় বিরাম বা যতি চিহ্নের প্রবর্তক- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বাংলা সাহিত্যে দাঁড়ি, কমা, কোলন প্রভৃতি বিরাম চিহ্ন তিনিই সর্বপ্রথম ব্যবহার করেন। নিচের ছকে বিরাম-চিহ্নগুলোর পরিচয় দেয়া হলো:

ব্যবহৃত নাম	বাংলা অর্থ	ইংরেজি নাম	আকার	বিরামের সময়
১. কমা	পাদচ্ছেদ	Comma	,	১ বলতে যে সময় প্রয়োজন
২. সেমিকোলন	অর্ধচ্ছেদ	Semicolon	;	১ বলার দ্বিগুণ সময়
৩. দাঁড়ি	পূর্ণচ্ছেদ	Full stop	।	১ সেকেন্ড
৪. প্রশ্নচিহ্ন	প্রশ্নবোধক চিহ্ন	Note of Interrogation	?	ঐ
৫. বিস্ময়চিহ্ন	বিস্ময়সূচক চিহ্ন	Note of Exclamation	!	ঐ
৬. কোলন	দৃষ্টান্তচ্ছেদ	Colon	:	ঐ
৭. কোলন-ড্যাশ	ছেদ বাক্যসঙ্গতি চিহ্ন	Colon dash	:-	১ সেকেন্ড
৮. ড্যাশ	বাক্যসঙ্গতি চিহ্ন	Dash	—	ঐ
৯. হাইফেন	শব্দসংযোগ চিহ্ন	Hyphen	-	ধামার প্রয়োজন নেই
১০ জোড়-উদ্ধৃতি চিহ্ন	জোড়-উদ্ধৃতি চিহ্ন	Inverted Commas	“ ”	১ বলতে যে সময় প্রয়োজন
১১. এক উদ্ধৃতি চিহ্ন	এক-উদ্ধৃতি চিহ্ন	Quotation Mark	‘ ’	১ সেকেন্ড
১২. লোপ চিহ্ন	ইলেক চিহ্ন	Appostrophe	’	থামার প্রয়োজন নেই
১৩. প্রথম বন্ধনী	প্রথম বন্ধনী চিহ্ন	First Brackets	()	ঐ
১৪. তৃতীয় বন্ধনী	তৃতীয় বন্ধনী চিহ্ন	Third Brackets	[]	ঐ
১৫. বর্জন চিহ্ন	বর্জন চিহ্ন বা ত্রিবিন্দু/ তিন তারকা চিহ্ন	Asterisk	.../ ***	
১৬. বিন্দু চিহ্ন	বিন্দু	Dot	.	
১৭. বিকল্প চিহ্ন	বিকল্প চিহ্ন	Slash	/	

১. **কমা/পাদচ্ছেদ (,):** স্বল্প বিরতি বোঝাতে কমা ব্যবহৃত হয়। শব্দ, বর্গ ও অধীন বাক্যকে আলাদা করতে কমার ব্যবহার হয়।
ক. বাক্য পাঠকালে সুস্পষ্টতা বা অর্থবিভাগ দেখাবার জন্য যেখানে স্বল্প বিরতির প্রয়োজন, সেখানে কমা ব্যবহৃত হয়। যেমন: সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।
খ. পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক বিশেষ্য বা বিশেষণ পদ একসঙ্গে বসলে শেষ পদটি ছাড়া বাকি সবগুলোর পরই কমা বসবে। যেমন- সুখ, দুঃখ, আশা, নৈরাশ্য একই মালিকানার পুষ্প।
গ. সম্বোধনের পরে কমা বসাতে হয়। যেমন- রশিদ, এখানে আসো।
ঘ. মাসের তারিখ লিখতে বার ও মাসের পর কমা বসবে। যেমন- ১৬ই পৌষ, বুধবার, ১৩৯০ বঙ্গাব্দ।
ঙ. উদ্ধরণ চিহ্নের পূর্বে (খণ্ড বাক্যের শেষে) কমা বসাতে হবে। যেমন- অধ্যক্ষ বললেন, “ছুটি পাবেন না।”
চ. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কমা বসে। যেমন- ৬৫, নবাবপুর রোড, ঢাকা।
ছ. জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খণ্ডবাক্যের পরে কমা বসবে। যেমন: কাল যে লোকটি এসেছিল, সে আমার পূর্ব পরিচিত।

২. **সেমিকোলন (;):** কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে, সেমিকোলন বসে। একাধিক স্বাধীন অথচ ঘনিষ্ঠভাবে সম্পর্কিত বাক্যকে একটি বাক্যে লিখলে সেগুলোর মাঝখানে সেমিকোলন বসে। যেমন: সোহাগ ক্রিকেট পছন্দ করে; আমি ফুটবল পছন্দ করি। কোনো বইয়ের সমালোচনা করা সহজ; কিন্তু বই লেখা অত সহজ নয়। তিনি পড়েছেন বিজ্ঞান; পেশা ব্যাংকার; আর নেশা সাহিত্যচর্চা।

৩. **দাঁড়ি বা পূর্ণচ্ছেদ (।):** বাক্যের পরিসমাপ্তি বোঝাতে দাঁড়ি বা পূর্ণচ্ছেদ ব্যবহার করতে হয়। যেমন: শীতকালে এ দেশে আবহাওয়া শুষ্ক থাকে। যথাযথ অনুসন্ধানের পর বলা যাবে কী ঘটেছিল।

৪. **প্রশ্নবোধক চিহ্ন (?):** বাক্যে কোনো কিছু জিজ্ঞাসা করা হলে, বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন বসে। যেমন: তুমি কখন এলে? সে কি যাবে? বাংলাদেশের রাজধানীর নাম কী?

৫. **বিস্ময় চিহ্ন (!):** সাধারণত বিস্ময়, দুঃখ, আনন্দ ইত্যাদি প্রকাশের জন্য বিস্ময়চিহ্ন ব্যবহৃত হয়। যেমন: আহা! কি চমৎকার দৃশ্য। মানে কী! সে আর চাকরি করবে না! তার গানের কণ্ঠ দারুণ!

৬. **কোলন (:):** বাক্যের প্রথম অংশের কোনো উক্তিকে দ্বিতীয় অংশে ব্যাখ্যা করা এবং উদাহরণ উপস্থাপনের কাজে কোলন ব্যবহৃত হয়। যেমন: ভাষার দুটি রূপ: কথ্য ও লেখ্য। সভার সিদ্ধান্ত হলো: প্রতি মাসে সব সদস্যকে দশ টাকা করে চাঁদা দিতে হবে।

৭. **ড্যাস চিহ্ন (–):** সাধারণত দুটি বাক্যকে এক বাক্যে পরিণত করার কাজে এবং ব্যাখ্যাযোগ্য বাক্যাংশের আগে-পরে ড্যাশ ব্যবহৃত হয়। যেমন: তোমরা দরিদ্রের উপকার কর, এতে তোমাদের সম্মান কমবে না – বাড়বে। বাংলাদেশ দল জয়লাভ করেছে – বিজয়ের আনন্দে দেশের জনগণ উচ্ছ্বসিত। ঐ লোকটি – যিনি গতকাল এসেছিলেন – তিনি আমার মামা।

৮. **হাইফেন বা সংযোগ চিহ্ন (-):** বাক্যের মধ্যকার একাধিক পদকে সংযুক্ত করতে হাইফেন ব্যবহৃত হয়। যেমন: এ আমাদের শ্রদ্ধা-অভিনন্দন, আমাদের প্রীতি-উপহার। মা-বাবার কাছে সন্তানের গৌরব সবচেয়ে বড়ো গৌরব। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলকেই দেশের কল্যাণে কাজ করতে হবে।

৯. **ইলেক বা লোপ চিহ্ন (’):** কোনো বর্ণ বিশেষের লোপ বোঝাতে বিলুপ্ত বর্ণের জন্য লোপচিহ্ন হয়। যেমন:মাথার ‘পরে জ্বলছে রবি। (‘পরে=ওপরে)

১০. **উদ্ধরণ চিহ্ন (“ ”/ ‘ ’):** বক্তার প্রত্যক্ষ উক্তিকে এই চিহ্নের অন্তর্ভুক্ত করতে হয়। কোনো কিছু উদ্ধৃত করার কাজে এ চিহ্ন ব্যবহৃত হয়। এ চিহ্ন দুই রকম (একক ও দ্বৈত)। যেমন: ‘সিরাজউদ্দৌলা’ একটি ঐতিহাসিক নাটক। শিক্ষক বললেন, “গতকাল তুরস্কে ভয়ানক ভূমিকম্প হয়েছে।” আমার কণ্ঠ শুনে প্রিয়ন্তি ঘর থেকে বেরিয়ে এল, “ও আপনারা এসে গেছেন! বাসা চিনতে কোনো কষ্ট হয়নি তো।”

১১. **ব্রাকেট বা বন্ধনী চিহ্ন ( ), {}, []:** এই তিনটি চিহ্নই গণিতশাস্ত্রে ব্যবহৃত হয়। সাহিত্যে প্রথম ও তৃতীয় বন্ধনী চিহ্ন ব্যবহৃত হয় কিন্তু দ্বিতীয় বন্ধনী চিহ্নের ব্যবহার নেই। তবে প্রথম বন্ধনী চিহ্নটি বিশেষ ব্যাখ্যামূলক অর্থে ব্যবহৃত হয়। অতিরিক্ত তথ্য উপস্থাপন ও কাল নির্দেশের ক্ষেত্রে বন্ধনীর ব্যবহার হয়। যেমন: ত্রিপুরায় (বর্তমানে কুমিল্লা) তিনি জন্মগ্রহণ করেন। তিনি বাংলা ভাষার বিবর্তন (চর্যাপদের সময় থেকে পরবর্তী) নিয়ে আলোচনা করেন। কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) ‘বিদ্রোহী কবি’ হিসেবে পরিচিত।

১২. **বিন্দু (.):** শব্দসংক্ষেপ, ক্রমনির্দেশ ইত্যাদি কাজে বিন্দু ব্যবহৃত হয়। যেমন: ড. মুহম্মদ শহীদুল্লাহ প্রখ্যাত বৈয়াকরণিক। ভাষার উপাদান চারটি: ১. ধ্বনি ২. শব্দ ৩. বাক্য ও ৪. বাগর্থ।

১৩. **ত্রিবিন্দু (...):** বাক্যের মধ্য থেকে কোনো অংশ বাদ দিতে চাইলে ত্রিবিন্দুর ব্যবহার হয়। যেমন: তিনি রেগে গিয়ে বললেন, “তার মানে তুমি একটা ...।” আমাদের ঐক্য বাইরের। ... এ ঐক্য জড় অকর্মক, সজীব সকর্মক নয়।

১৪. **বিকল্প চিহ্ন (/):** একটির বদলে অন্যটির সম্ভাবনা বোঝাতে বিকল্পচিহ্নের ব্যবহার হয়। যেমন: ভুল/ সঠিক চিহ্নিত করুন। বাড়ির নম্বর নির্দেশ করতে বিকল্প চিহ্ন ব্যবহৃত হয়। যেমন: ৩৮/২ক, কুমিল্লা।

বাংলা সাহিত্য

♦ যুগ সন্ধিক্ষণ

- ১৭৬০ খ্রিস্টাব্দে ভারতচন্দ্র রায়গুণাকরের তিরোধানের মাধ্যমে মধ্যযুগের সমাপ্তি ঘটে এবং ১৮৬০ সালে মাইকেলের সদর্প আগমনের মাধ্যমে আধুনিক যুগের সূচনা ঘটে। এ ১০০ বছর সাহিত্যে জগতে চলছিল বন্ধ্যাকাল, ফলে এ সময়টুকুকে বলে ‘অবক্ষয় যুগ’ বা ‘যুগ সন্ধিক্ষণ’।
- **কবিগান:** দুই পক্ষের মধ্যে বিতর্কের মাধ্যমে যে গান অনুষ্ঠিত হতো তাই কবিগান। দুই দলের মধ্যে প্রতিযোগিতাই এর বৈশিষ্ট্য। যারা এ গান গাইত (বিশেষত হিন্দু), তাদের বলা হতো কবিয়াল। ১৮৫৪ সালে কবি ঈশ্বরচন্দ্রে গুপ্ত প্রথম কবিগান সংগ্রহ করতে শুরু করেন এবং ‘সংবাদ প্রভাকর’ পত্রিকায় প্রকাশ করেন। কয়েকজন কবিয়াল- গোজলা গুই (কবিগানের আদি কবি), ভবানী বেনে, ভোলা ময়রা, হরু ঠাকুর, কেস্টা মুচি, এন্টনি ফিরিঙ্গী, রামবসু, নিতাই বৈরাগী, নিধু বাবু।
- **শায়েরঃ** শায়ের আরবি শব্দ এবং এর অর্থ কবি। মুসলমান সমাজে মিশ্র (দোভাষী) ভাষারীতির পুঁথি রচয়িতাদের শায়ের বলা হতো। উল্লেখযোগ্য শায়েরগণ হলেন- ফকির গরীবুল্লাহ, সৈয়দ হামজা, মোহাম্মদ দানেশ, মালে মুহম্মদ, আব্দুর রহিম, আয়েজুদ্দিন।
- **টপ্পা:** টপ্পা এক ধরনের গান। কবিগানের সমসাময়িক কালে কলকাতা ও শহরতলিতে রাগ-রাগিনী সংযুক্ত এক ধরনের ওস্তাদি গানের প্রচলন ঘটেছিল, এগুলোই টপ্পা গান হিসেবে পরিচিত। টপ্পা থেকেই আধুনিক বাংলা গীতিকবিতার সূত্রপাত বলে অনেকের ধারণা। টপ্পাগানে জনক রামনিধি গুপ্ত। তাঁর বিখ্যাত গান- ‘নানান দেশের নানান ভাষা/ বিনে স্বদেশী ভাষা পুরে কি আশা।’
- পাঁচালী গানের জনপ্রিয় কবি দাশরথি রায়। তিনি দাশুরায় নামে খ্যাত ছিলেন। উনিশ শতকের প্রথমদিকে পাঁচালী গান এদেশে জনপ্রিয় হয়েছিল।

♦ আধুনিক যুগের সূচনালগ্নের প্রতিষ্ঠানসমূহ:

- বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। বাংলায় কর্মরত ইস্ট-ইন্ডিয়া কোম্পানির ব্রিটিশ অফিসারদের দেশিয় ভাষা শিক্ষা দেয়ার উদ্দেশ্যে লর্ড ওয়েলেসলি ৪ মে ১৮০০ সালে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়। এতে বাংলা বিভাগ চালু হয় ২৪ মে ১৮০১ খ্রিস্টাব্দে। বাংলা বিভাগের প্রধান হিসেবে যোগ দেন শ্রীরামপুর মিশনের পাদ্রি এবং বাইবেলের অনুবাদক বাংলায় অভিজ্ঞ উইলিয়াম কেরী। ১৮১৭ সালে হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হলে এ কলেজের গুরুত্ব হ্রাস পায়। রাজা রামমোহন রায়ের সাহিত্যিক প্রভাবে ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের মহিমা ধীরে ধীরে বিলীয়মান হয় এবং ১৮৫৪ সালে লর্ড ডালহৌসির সময়ে কলেজটি বন্ধ হয়ে যায়।

পণ্ডিতগণের নাম	রচিত গ্রন্থ
উইলিয়াম কেরি	কথোপকথন, ইতিহাসমালা
রামরাম বসু	রাজা প্রতাপাদিত্য চরিত, লিপিমালা
মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার	প্রবোধচন্দ্রিকা, বেদান্তচন্দ্রিকা, বত্রিশ সিংহাসন, রাজাবলী, হিতোপদেশ (সর্বাধিক গ্রন্থ রচয়িতা)
রাজীবলোচন	মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং
তারিণীচরণ মিত্র	ওরিয়েন্টাল ফেবুলিস্ট
চণ্ডীচরণ মুনশি	তোতা ইতিহাস
হরপ্রসাদ রায়	পুরুষ পরীক্ষা
গোলকনাথ শর্মা	হিতোপদেশ

♦ শ্রীরামপুর মিশন ও বাংলা ছাপাখানা:

- উইলিয়াম কেরী পশ্চিমবঙ্গের হুগলী জেলার শ্রীরামপুরে ১০ জানুয়ারি, ১৮০০ সালে ‘শ্রীরামপুর মিশন’ প্রতিষ্ঠা করেন। ঐ বছরের মার্চ মাসে শ্রীরামপুর মিশনের প্রেস প্রতিষ্ঠিত হয়। শ্রীরামপুর মিশন হতে পরবর্তীতে ‘রামায়ণ’, ‘মহাভারত’ সহ একাধিক পুস্তক প্রকাশিত হয়। ১৮১৮ সালে এ মিশন থেকে ‘দিকদর্শন’ ও ‘সমাচার দর্পণ’ নামে দুটি পত্রিকা প্রকাশিত হয়।
- ১৭৭৮ সালে চার্লস উইলকিন্স হুগলিতে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠিত করেন। তিনি নিজেই বাংলা অক্ষরের নকশা তৈরি করেন বলে তাঁকে ‘বাংলা মুদ্রাক্ষরের জনক’ বলা হয়। তার দিকনির্দেশনা অনুযায়ী পঞ্চানন কর্মকার বাংলা অক্ষর খোদাই করেন।

♦ **হিন্দু কলেজ ও ইয়ংবেঙ্গল:** বাংলা সাহিত্যের বিকাশে যেসব শিক্ষাপ্রতিষ্ঠানের ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ, তারর মধ্যে কলকাতার হিন্দু কলেজের (১৮১৭) নাম বিশেষভাবে স্মরণীয়। হিন্দু কলেজের মাধ্যমে তৎকালীন কলকাতার মধ্যবিত্ত সমাজের তরুণেরা যথার্থ আধুনিক শিক্ষালাভের সুযোগ পায়। পরবর্তীতে তাঁরা দেশে সাহিত্যচর্চা, শিক্ষা সম্প্রসারণ, সমাজ ও ধর্মসংস্কারে অগ্রণী ভূমিকা পালন করেছেন। হিন্দু কলেজের পাশ্চাত্য ভাবধারাপুষ্ট এই তরুণরাই ইয়ংবেঙ্গল নামে পরিচিত। বাংলাদেশে এই 'ইয়ংবেঙ্গলের' মন্ত্রগুরু হেনরি ল্যু ভিভিয়ান ডিরোজিও, যিনি ছিলেন একজন ফিরিঙ্গি। তিনি ধর্মীয় গোঁড়ামি ও কুসংস্কারকে মুক্তবুদ্ধি ও বিজ্ঞানসম্মতভাবে বিচারবিশ্লেষণের আগ্রহী ছিলেন। তিনি শিষ্যদের পাশ্চাত্য ভাবধারায় উৎসাহিত করেছেন। ইয়ংবেঙ্গলের অন্তর্ভুক্ত ডিরোজিওর কয়েকজন শিষ্য হলেন কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, প্যারীচাঁদ মিত্র, রাধানাথ শিকদার, রামতনু লাহিড়ী, মাইকেল মধুসূদন দত্ত, দীনবন্ধু মিত্র প্রমুখ। ইয়ং বেঙ্গলের তরুণরা হিন্দুধর্মের গোঁড়ামিকে অস্বীকার করে বিদ্রোহী মনোভাবের প্রকাশ ঘটিয়েছেন।

♦ **বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি:** স্যার উইলিয়াম জোনস ১৭৮৪ সালে কলকাতায় এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠা করেন যা পরবর্তীতে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি নামকরণ করা হয়। এই সংগঠন থেকে ২০০৩ সালে বাংলা ভাষার মুক্ত জ্ঞানকোষ 'বাংলাপিডিয়া' প্রকাশিত হয়।

♦ **ঢাকা মুসলিম সাহিত্য সমাজ:**

- প্রতিষ্ঠা: ১৯ জানুয়ারি, ১৯২৬ খ্রিস্টাব্দে ঢাকায় প্রতিষ্ঠিত এ সংগঠনটির মাধ্যমে 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সূত্রপাত হয়।
- প্রধান লেখক- কাজী আবদুল ওদুদ, আবুল হোসেন, কাজী মোতাহার হোসেন প্রমুখ।
- মুখপাত্র- শিখা। এটি ১৯২৭ সালে আবুল হোসেনের সম্পাদনায় প্রথম প্রকাশিত হয়।

আধুনিক যুগের সাহিত্যিকগণ

♦ **ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১):** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (২৬ সেপ্টেম্বর, ১৮২০-২৯ জুলাই, ১৮৯১) ঊনবিংশ শতকের একজন বিশিষ্ট বাঙালি শিক্ষাবিদ, সমাজ-সংস্কারক ও গদ্যকার। সংস্কৃত ভাষা ও সাহিত্যে অগাধ পাণ্ডিত্যের জন্য সংস্কৃত কলেজ থেকে ১৮৩৯ সালে তিনি 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন। তবে তাঁর পারিবারিক নাম- 'ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়'। তিনিই প্রথম বাংলা লিপি সংস্কার করে তাকে অর্থবহ করে তোলেন। তিনিই প্রথম বাংলা সাহিত্যে যতিচিহ্নের ব্যবহার করেন।

- প্রথম প্রকাশিত গ্রন্থ- বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭); অনূদিত গ্রন্থ। এতে তিনি যতি/বিরাম চিহ্নের সফল প্রয়োগ ঘটান।
- প্রথম মৌলিক গ্রন্থ- 'প্রভাবতী সম্ভাষণ' (১৮৬৩)।
- অনুবাদ গ্রন্থ- ভ্রান্তিবিলাস (১৮৬৯), শেক্সপিয়ারের 'Comedy of Errors' এর বাংলা রূপ।
- শিশুতোষ রচনা- 'বর্ণপরিচয়' (১৮৫৫); এটি ক্ল্যাসিকের মর্যাদা লাভ করে।
- আত্মজীবনী- আত্মচরিত (১৮৯১); বাংলা গদ্যে রচিত প্রথম আত্মজীবনীমূলক গ্রন্থ।
- অন্যান্য- বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কি না এতদ্বিষয়ক প্রস্তাব (১৮৫৫), বহুবিবাহ রহিত হওয়া উচিত কি না এতদ্বিষয়ক বিচার (১৮৭১, ৭৩)।

♦ **মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪-১৮৭৩):** ঊনবিংশ শতাব্দীর বিখ্যাত সাহিত্যিক মাইকেল মধুসূদন দত্ত ছিলেন বাংলা সাহিত্যের প্রথম সার্থক মহাকাব্য রচয়িতা। তিনি বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী লেখক, প্রথম আধুনিক কবি, প্রথম আধুনিক নাট্যকার, প্রথম অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক, বাংলা সনেট বা চতুর্দশপদী কবিতার প্রথম রচয়িতা, সার্থক ট্রাজেডির প্রথম রচয়িতা, প্রথম প্রহসন রচয়িতা, পুরাণকাহিনীর ব্যত্যয় ঘটিয়ে আধুনিক সাহিত্যরস সৃষ্টিরপ্রথম শিল্পী এবং পাশ্চাত্য ও প্রাচ্যধারার সংমিশ্রণে নতুন ধরনের মহাকাব্য রচয়িতা।

- মাইকেল মধুসূদন দত্ত ২৫ জানুয়ারি, ১৮২৪ সালে যশোর জেলার কেশবপুর উপজেলার কপোতাক্ষ নদীর তীরে সাগরদাঁড়ি গ্রামে জন্মগ্রহণ করেন।
- তার পিতা রাজনারায়ণ দত্ত ও মাতা জাহ্নবী দেবী।
- তিনি ৯ ফেব্রুয়ারি, ১৮৪৩ সালে মাত্র ১৯ বছর বয়সে ওল্ড মিশন চার্চে পাদ্রী ডিলট্রির কাছে খ্রিস্ট ধর্ম গ্রহণ করেন।
- তিনি কলকাতার আলিপুর হাসপাতালে ২৯ জুন, ১৮৭৩ সালে মারা যান।
- মহাকাব্য (১৮৬১): এটি রামায়ণের কাহিনী অবলম্বনে বীর রসের অমিত্রাক্ষর ছন্দে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাবের সংমিশ্রণে রচিত বাংলা সাহিত্যের সর্বপ্রথম, সর্বশ্রেষ্ঠ ও সার্থক মহাকাব্য। এটি প্রথম ইংরেজিতে অনুবাদ করেন রাজনারায়ণ বসু। এটি উৎসর্গ করেন এ গ্রন্থটির মুদ্রণের ব্যয়বহনকারী রাজা দিগম্বর মিত্রকে। প্রধান চরিত্র: রাবণ, মেঘনাদ, লক্ষ্মণ, রাম, প্রমীলা, বিভীষণ, সীতা। এ কাব্যের মোট সর্গ ৯টি।
- **কাব্য:** ১. তিলোত্তমাসম্ভব (১৮৬০): এটি একটি কাহিনীকাব্য। বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দে রচিত প্রথম পূর্ণাঙ্গ গ্রন্থ।
  ২. চতুর্দশপদী কবিতাবলী (১৮৬৬): বাংলা সাহিত্যের প্রথম সনেট সংকলন। এতে মোট ১০২টি সনেট রয়েছে।
  ৩. ব্রজাঙ্গনা (১৮৬১): রাধাকৃষ্ণ বিষয়ক গীতিকাব্য (অমিত্রাক্ষর)।
  ৪. বীরাঙ্গনা (১৮৬২): বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য (অমিত্রাক্ষর)। এতে মোট ১১টি পত্র আছে।
  ৫. The Captive Ladie (1849): মধুসূদন রচিত ও প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থ।
- **নাটক:** ১. শর্মিষ্ঠা (১৮৫৯): বাংলা সাহিত্যের প্রথম সার্থক মৌলিক নাটক।
  ২. পদ্মাবতী (১৮৬০): বাংলা সাহিত্যের প্রথম সার্থক কমেডি। এ নাটকে প্রথম অমিত্রাক্ষর ছন্দ প্রয়োগ করেন।
  ৩. কৃষ্ণকুমারী (১৮৬১): বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি।
  ৪. মায়াকানন (১৮৭৪): মাইকেল রচিত সর্বশেষ বিয়োগান্ত নাটক।
- **প্রহসন:** ১. বুড়ো সালিকের ঘাড়ে রোঁ: বাংলা সাহিত্যের প্রথম প্রহসন।
  ২. একেই কি বলে সভ্যতা: ইয়ং বেঙ্গলদের চরিত্র সংশোধনের অভিলাসে রচিত।

♦ **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়:** সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাংলাসাহিত্যের ১ম সার্থক ঔপন্যাসিক। তিনি ২৬জুন, ১৮৩৮ সালে পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনা জেলার কাঁঠালপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। পিতা যাদবচন্দ্র চট্টোপাধ্যায় ছিলেন ব্রিটিশ সরকারের প্রথম ম্যাজিস্ট্রেট। তিনি ১৮৫৮ সালে যশোরে ডেপুটি ম্যাজিস্ট্রেট হিসেবে কর্মজীবন শুরু করেন এবং পরে ম্যাজিস্ট্রেট হিসেবে ৩৩ বছর চাকরি করে ১৮৯১ সালে অবসর গ্রহণ করেন। তিনি 'বঙ্গদর্শন' (১৮৭২) পত্রিকার সম্পাদক ছিলেন। তিনি বহুমূত্র রোগে আক্রান্ত হয়ে ৮এপ্রিল ১৮৯৪ সালে পরলোক গমন করেন।

- **সাহিত্যকর্ম**
- **উপন্যাস:** ১. 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫)- বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস।
  ২. কপালকুন্ডলা (১৮৬৬)- বাংলা সাহিত্যের প্রথম রোমান্সধর্মী উপন্যাস। 'পথিক তুমি পথ হারাইয়াছ' এ উপন্যাসের বিখ্যাত সংলাপ।
  ৩. Rajmohon's Wife- এটি তার প্রথম উপন্যাস যা ইংরেজিতে রচিত। এছাড়াও তাঁর অন্যান্য বিখ্যাত উপন্যাস হলো- মৃণালিনী (১৮৬৯), বিষবৃক্ষ (১৮৭৩), রজনী (১৮৭৭), আনন্দমঠ (১৮৮২), রাজসিংহ (১৮৮২), দেবী চৌধুরানী (১৮৮৪)
- **প্রবন্ধ:** কমলাকান্তের দপ্তর (১৮৭৫), লোকরহস্য (১৮৭৪), সাম্য (১৮৭৯), বিজ্ঞানরহস্য ইত্যাদি।

♦ **মীর মশাররফ হোসেন (১৮৪৭-১৯১১)**

- মীর মশাররফ হোসেন আধুনিক বাংলা সাহিত্যের প্রথম উল্লেখযোগ্য মুসলিম সাহিত্যিক নাট্যকার ও ঔপন্যাসিক।
- জন্মস্থান- কুষ্টিয়া জেলার কুমারখালি উপজেলায়।
- প্রথম গ্রন্থ- রত্নবতী (১৮৬৯)।
- **সাহিত্যকর্ম:**

নাটক	বসন্তকুমারী ১৮৭৩ (বাংলা সাহিত্যে মুসলমান রচিত প্রথম নাটক), জমিদার দর্পণ (১৮৭৩), বেহুলা গীতাভিনয় (১৮৮৯)।
উপন্যাস	রত্নবতী (১৮৬৯), বিষাদ-সিন্ধু (১৮৮৫-৯১), উদাসীন পথিকের মনের কথা (১৮৯০)।
প্রহসন	এর উপায় কী? (১৮৭৫), ভাই ভাই এইতো চাই, ফাঁস কাগজ।
কাব্য	গোড়াই বা গোরী সেতু ব্রিজ (১৮৭৩), মোসলেম বীরত্ব (১৯০৭)।
আত্মজীবনী	গাজী মিয়ার বস্তানী (১৮৯৯), আমার জীবনী (১৯১০), কুলসুম জীবনী (১৯১০)।

♦ **কায়কোবাদ (১৮৫৭-১৯৫১):** কায়কোবাদ এর মূল নাম মোহাম্মদ কাজেম আল কোরেশী। তাঁর সাহিত্যিক ছদ্মনাম ছিল 'কায়কোবাদ'। কায়কোবাদ ১৮৫৭ সালে ঢাকা জেলার নবাবগঞ্জে জন্মগ্রহণ করেন। ১৯০৪ সালে 'মহাশ্মশান' মহাকাব্য রচনার মাধ্যমে তিনি মহাকবির মর্যাদা লাভ করেন। তিনি বাংলা সাহিত্যে প্রথম মুসলিম মহাকবি এবং প্রথম মুসলিম সনেট রচয়িতা।

- উল্লেখযোগ্য সাহিত্যকর্ম:

মহাকাব্য	মহাশ্মশান (১৯০৪)- পানি পথের তৃতীয় যুদ্ধ অবলম্বনে নির্মিত।
কাব্যগ্রন্থ	বিরহ বিলাপ (১৮৭০), কুসুম কানন (১৮৭৩), অশ্রুমালা (১৮৯৬), মহররম শরীফ (১৯৩৩)।
মৃত্যুর পর প্রকাশিত কাব্য	প্রেমের ফুল, প্রেমের বাণী, প্রেম-পারিজাত, মন্দাকিনী ধারা, গওছ পাকের প্রেমকুঞ্জ।
কবিতা	আযান, বিস্মৃতি-স্মৃতি।

♦ **প্রমথ চৌধুরী:** বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তক। প্রমথ চৌধুরী ৭ আগস্ট, ১৮৬৮ খ্রিস্টাব্দে যশোরে জন্মগ্রহণ করেন। তাঁর পৈর্তৃক নিবাস পাবনা জেলার চাটমোহর উপজেলার হরিপুর গ্রাম। তিনি রবীন্দ্রনাথকে বাংলা গদ্যে চলিত রীতি ব্যবহারে উদ্বুদ্ধ করেন। তিনি 'সবুজপত্র' (১৯১৪) ও 'বিশ্বভারতী' পত্রিকার সম্পাদক ছিলেন। বাংলা কাব্য সাহিত্যে তিনিই প্রথম ইতালীয় সনেটের প্রবর্তন করেন।

- **সাহিত্যকর্ম:**

১. প্রবন্ধ গ্রন্থ : তেল নুন লাকড়ি (১৯০৬), বীরবলের হালখাতা (বাংলা সাহিত্যে চলিত রীতিতে লেখা প্রথম গ্রন্থ), আমাদের শিক্ষা, রায়তের কথা, নানা কথা, প্রবন্ধ সংগ্রহ।

২. গল্পগ্রন্থ : চার ইয়ারী কথা (১৯১৬), আহুতি, নীল লোহিত, গল্প সংগ্রহ।

৩. কাব্যগ্রন্থ : সনেট পঞ্চাশৎ (১৯১৩), পদচারণ (১৯১৯)।

♦ **শরৎচন্দ্র চট্টোপাধ্যায়**

- বাংলা সাহিত্যের অপরাজেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ১৫ সেপ্টেম্বর, ১৮৭৬ খ্রিস্টাব্দে (বাংলা ৩১ ভাদ্র, ১২৮৩) হুগলীর দেবানন্দপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯২৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে জগত্তারিণী স্বর্ণপদক এবং ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডি.লিট ডিগ্রী লাভ করেন। তিনি উপন্যাস লেখার জন্য খ্যাতি লাভ করেন।
- **সাহিত্যকর্ম**

১. **উপন্যাস :** শ্রীকান্ত: চার খন্ডে বিভক্ত 'শ্রীকান্ত' উপন্যাসটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের আত্মজীবনীধর্মী উপন্যাস। এটি শরৎচন্দ্রের শ্রেষ্ঠ উপন্যাস হিসেবে বিবেচিত। ধারাবাহিকভাবে 'ভারতবর্ষ' ও 'বিচিত্র' পত্রিকায় প্রকাশিত উপন্যাসটি গ্রন্থাকারে ১ম খণ্ড-১৯১৭, ২য় খণ্ড-১৯১৮, ৩য় খণ্ড-১৯২৭ ও ৪র্থ খণ্ড-১৯৩৩ সালে প্রকাশ পায়। উপন্যাসে লেখক 'শ্রী শ্রীকান্ত শর্মা' ছদ্মনাম ব্যবহার করেছেন। উল্লেখযোগ্য চরিত্র: শ্রীকান্ত, রাজলক্ষ্মী, ইন্দ্রনাথ, অভয়া। উপন্যাসের 'ইন্দ্রনাথ' চরিত্রটি বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কিশোর চরিত্র।
বড়দিদি (১৯০৭-এটি তাঁর প্রথম প্রকাশিত উপন্যাস), বিরাজ বৌ (১৯১৪), পল্লীসমাজ (১৯১৬), নিষ্কৃতি (১৯১৭), দেবদাস (১৯১৭), চরিত্রহীন, দত্তা, গৃহদাহ (ত্রিভুজ প্রেমের উপন্যাস), দেনাপাওনা (ষোড়শী নামে নাট্যায়িত), পথের দাবী (রাজনৈতিক উপন্যাস যা সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়), বিপ্রদাশ, শেষপ্রশ্ন (১৯৩১), শেষের পরিচয় (এটি তাঁর সর্বশেষ উপন্যাস), পরিণীতা, পণ্ডিত মশাই, বৈকুণ্ঠের উইল, বামুনের মেয়ে, নববিধান।

২. **ছোটগল্প** : কাশীনাথ (১৯১৭), মন্দির, মহেশ, বিলাসী, সতী, মেজদিদি।
৩. **প্রবন্ধ** : নারীর মূল্য (অনিলা দেবী ছদ্মনামে রচনা করেন), তরুণের বিদ্রোহ (১৯২৯)।
৪. **নাটক** : ষোড়শী (১৯২৯), রমা (১৯২৮), বিজয়া (১৯৩৫)।

♦ **বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন:** বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা ও মুসলিম নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন ৯ ডিসেম্বর, ১৮৮০ খ্রিস্টাব্দে রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন। পিতা- জহিরুদ্দীন মুহাম্মদ আবু আলী হায়দার সাবের। বাংলাদেশের নারী শিক্ষার প্রসারে তিনি অগ্রণী ভূমিকা পালন করেন।

• **সাহিত্যকর্ম:**
১. **উপন্যাস** : পদ্মরাগ (১৯২৪), Sultana's Dream (এটি ইংরেজিতে লেখা)।
২. **গদ্যগ্রন্থ** : মতিচূর (১ম খণ্ড-১৯০৪, ২য় খণ্ড-১৯২২), অবরোধবাসিনী (১৯৩১)।

♦ **ড. মুহম্মদ শহীদুল্লাহ:** ভাষাতত্ত্ববিদ ড. মুহম্মদ শহীদুল্লাহ ১০ জুলাই, ১৮৮৫ খ্রিস্টব্দে পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনার পেয়ারা গ্রামে জন্মগ্রহণ করেন। বাংলা সাহিত্য সম্পর্কিত গবেষণার জন্য তাঁর নাম এদেশের সাহিত্যের ইতিহাসে অত্যুজ্জ্বল হয়ে আছে। সে জন্য তাঁকে 'জ্ঞানতাপস' অভিধায় অভিহিত করা হয়। তিনি ১৩ জুলাই, ১৯৬৯ খ্রিস্টাব্দে মারা যান।

• **সাহিত্যকর্ম:**
১. **গবেষণামূলক গ্রন্থ** : বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান (১৯৬৫): এটি বাংলা ভাষার প্রথম আঞ্চলিক অভিধান, Buddhist Mystic Song (1960): এটি 'চর্যাপদ' বিষয়ক গবেষণা গ্রন্থ, ভাষা ও সাহিত্য, বাংলা সাহিত্যের কথা (১ম খণ্ড-১৯৫৩, ২য় খণ্ড-১৯৬৫), বাংলা ব্যাকরণ (১৯৫৮), বাংলা ভাষার ইতিবৃত্ত (১৯৬৫)।
২. **প্রবন্ধ** : ইকবাল, Essays on Islam, আমাদের সমস্যা, Traditional Culture in East Pakistan।
৩. **অনুবাদ গ্রন্থ** : মহানবী (১৯৪০), বাণী শিকওয়াহ (১৯৪২), জওয়াব-ই-শিকওয়াহ (১৯৪২), বাইঅতনামা, মহররম শরীফ।
৪. **গল্পগ্রন্থ** : রকমারি (১৯৩১)।

♦ **বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (১৮৯৪-১৯৫০):** প্রখ্যাত ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ১৮৯৪ খ্রিস্টাব্দের ১২ সেপ্টেম্বর ভারতের চব্বিশ পরগণার মুরারিপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর রচনায় প্রকৃতির সৌন্দর্য ও গ্রামবাংলার সাধারণ মানুষের জীবনের সতেজ চিত্র পাওয়া যায়।

• **সাহিত্যকর্ম:**
১. **উপন্যাস** : পথের পাঁচালী (এটি তাঁর প্রথম ও শ্রেষ্ঠ উপন্যাস, রচনাকাল-১৯২৯), অপরাজিত (১৯৩১), দৃষ্টিপ্রদীপ, আরণ্যক (১৯৩৮), আদর্শ হিন্দু হোটেল (১৯৪০), অনুবর্তন, দেবযান (১৯৪৪), অশনি সংকেত, চাঁদের পাহাড় (রোমাঞ্চকর এই উপন্যাসটিতে শংকর নামক ভারতবর্ষের সাধারণ এক তরুণের আফ্রিকা মহাদেশ জয় করার কাহিনী রচিত হয়েছে), ইছামতি (১৯৪৯-ইছামতি নদীর তীরবর্তী গ্রামে প্রচলিত সংস্কার ও অত্যাচারের বিরুদ্ধে নারী জাগরণ), নীলচাষের প্রতিবাদ, নদীর তীরবর্তী মানুষের জীবনকথা এ উপন্যাসের আলেখ্য। 'পথের পাঁচালী', 'অপরাজেয়', 'দেবযান'-এই তিনটি তার ত্রয়ী উপন্যাস।
২. **ছোটগল্প** : মেঘমল্লার (১৯৩১), মৌরীফুল, যাত্রাবদল, কিন্নরদল।
৩. **আত্মজীবনী** : তৃণাঙ্কুর (১৯৪৩)।

♦ **তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (১৮৯৮-১৯৭১):** তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ২৩ আগস্ট, ১৮৯৮ সালে বীরভূমের জমিদার পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর রচিত উপন্যাসগুলোতে রাঢ় অঞ্চলের গ্রামীণ জীবনের সামাজিক ও অর্থনৈতিক বিপর্যয় মানব চরিত্রের নানান জটিলতা ও নিগূঢ় রহস্য নিপুণভাবে উপস্থাপিত হয়েছে।

• **সাহিত্যকর্ম:**
উপন্যাস: চৈতালি ঘূর্ণি (এটি তাঁর প্রকাশিত প্রথম উপন্যাস), ধাত্রীদেবতা, কালিন্দী, কবি, আরোগ্য নিকেতন, অরণ্যবহ্নি, হাঁসুলী বাঁকের উপকথা (১৯৪৭), ১৯৭১ ('সুতপার তপস্যা' ও 'একটি কালো মেয়ের কথা' নামক দুটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস, ১৯৭২ সালে এক মলাটে '১৯৭১' নামে ছাপা হয়েছে। 'একটি কালো মেয়ের কথা'র প্রধান চরিত্র-নাজমা)।

♦ **জীবনানন্দ দাশ (১৮৯৯-১৯৫৪):** রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশ ১৭ ফেব্রুয়ারি, ১৮৯৯ সালে বরিশালের এক ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর মা কুসুমকুমারী দাসও একজন কবি ছিলেন। জীবনানন্দের রচনায় গ্রামবাংলার ঐতিহ্যময় প্রকৃতি কাব্যময় হয়ে উঠেছে। তাঁর উপর গবেষণা করে ইংরেজি ভাষায় গ্রন্থ লিখেছেন- ক্লিনটন বি. সিলি। তিনি ১৪ অক্টোবর, ১৯৫৪ সালে বালিগঞ্জ ট্রামের নিচে পড়ে আহত হন, পরে ২২ অক্টোবর, ১৯৫৪ সালে মারা যান।

• **সাহিত্যকর্ম:**
১. **কাব্যগ্রন্থ** : ঝরাপালক (এটি তাঁর প্রথম প্রকাশিত কাব্য), ধূসর পাণ্ডুলিপি (বিখ্যাত কবিতা-মৃত্যুর আগে), বনলতা সেন (১৯৪২), রূপসী বাংলা ('আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে এ বাংলায়' এ কাব্যের বিখ্যাত পঙক্তি), মহাপৃথিবী (১৯৪৪), সাতটি তারার তিমির (১৯৪৮), বেলা অবেলা কালবেলা (১৯৬১)।
২. **উপন্যাস** : মাল্যবান (১৯৭৩), সতীর্থ (১৯৭৪), কল্যাণী (১৯৯৯)।
৩. **প্রবন্ধ** : কবিতার কথা।
• **উপাধি** : রূপসী বাংলার কবি, ধূসরতার কবি, তিমির হননের কবি, নির্জনতার কবি, চিত্ররূপময় কবি (রবীন্দ্রনাথ তাঁর 'ধূসর পাণ্ডুলিপি'র কবিতা পাঠ করে বলেছেন 'চিত্ররূপময় কবিতা'; বুদ্ধদেব বসু জীবনানন্দকে 'নির্জনতম কবি' এবং অন্নদাশঙ্কর রায় 'শুদ্ধতম কবি' বলে আখ্যায়িত করেন)।

♦ **জসীমউদ্‌দীন (১৯০৩-১৯৭৬):** পল্লীকবি জসীমউদ্‌দীন ১ জানুয়ারি ১৯০৩ সালে ফরিদপুরের তাম্বুলখানা গ্রামে (মাতুলালয়) জন্মগ্রহণ করেন। বাংলার গ্রামীণ জীবনের আবহ, সহজ সরল প্রাকৃতিক রূপ উপযুক্ত শব্দ ও উপমার মাধ্যমে তাঁর কাব্যে অনন্যসাধারণ মাত্রায় মূর্ত হয়ে উঠে।

• **সাহিত্যকর্ম:**

১. **কাব্যগ্রন্থ: রাখালী (৯২৭)** : এটি তাঁর প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ। এ কাব্যের ১৮টি কবিতার মধ্যে অন্যতম কবিতা-কবর। এটি কল্লোল পত্রিকায় প্রকাশিত হয়। কবর কবিতায় ১১৮টি লাইন আছে এবং এটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

নকশী কাঁথার মাঠ (১৯২৯) : এটি কবির শ্রেষ্ঠ কাহিনীকাব্য এবং গাঁথাকাব্য। E.M. Millford এটিকে Field of the Embroidery Quilt নামে ইংরেজিতে অনুবাদ করেন।

সোজন বাদিয়ার ঘাট (১৯৩৪) : এ কাহিনীকাব্য/গাঁথাকাব্যটি ইউনেস্কোর উদ্যোগে 'Gypsy Whart' (১৯৬৯) নামে অনূদিত হয়।

অন্যান্য : এক পয়সার বাঁশি (বিখ্যাত কবিতা-আসমানী), বালুচর, মাটির কান্না।

২. **নাটক** : বেদের মেয়ে (গীতিনাট্য), পদ্মপাড়, মধুমালা, পল্লীবধূ।

৩. **উপন্যাস** : বোবাকাহিনী (১৯৬৪) ও বউটুবানির ফুল (১৯৯০)।

৪. **ভ্রমণকাহিনী** : চলে মুসাফির, হলদে পরীর দেশ, যে দেশে মানুষ বড় (১৯৬৮)।

৫. **শিশুতোষ গ্রন্থ** : হাসু (১৯৩৮), এক পয়সার বাঁশি, ডালিমকুমার।

৬. **গল্পগ্রন্থ** : বাঙ্গালির হাসির গল্প (ইউনেস্কোর উদ্যোগে 'Folk tales of Bangladesh' নামে অনূদিত হয়)।

৭. **গানের সংকলন** : রঙ্গিলা নায়ের মাঝি, গাঙ্গের পাড়, জারিগান।

৮. **উল্লেখযোগ্য কবিতা** : কবর, পল্লীজননী, রাখাল ছেলে, আসমানি, নিমন্ত্রণ, চাষার ছেলে মুসাফির।

♦ **সৈয়দ মুজতবা আলী (১৯০৪-১৯৭৪):** বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ রম্য রচয়িতা সৈয়দ মুজতবা আলী। কাজী নজরুল ইসলামের পর সাহিত্যে সবচেয়ে বেশি আরবি ফারসি শব্দ ব্যবহার করতেন তিনি।

• **সাহিত্যকর্ম:**

১. **ভ্রমণকাহিনী** : দেশে-বিদেশে (এটি তাঁর প্রথম গ্রন্থ। এতে কাবুল শহরের কাহিনী স্থান পেয়েছে। 'দেশে বিদেশে'র অংশ বিশেষ নিয়ে 'প্রবাস বন্ধু' ও 'গন্তব্য কাবুল' নামে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শ্রেণির বাংলা বইয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে), জলে ডাঙ্গায়।

২. **উপন্যাস** : অবিশ্বাস্য, শবনম (১৯৬০), শহর-ইয়ার, তুলনাহীন।

৩. **রম্যরচনা** : পঞ্চতন্ত্র, ময়ূরকণ্ঠী, বড়বাবু।

৪. **ছোটগল্প** : চাচা কাহিনী (তাঁর শ্রেষ্ঠ গল্পগ্রন্থ), টুনিমেম, রসগোল্লা, পাদটীকা, রাজা উজির, ধূপছায়া।

♦ **বুদ্ধদেব বসু (১৯০৮-১৯৭৪):** ত্রিশ দশকের কবি খ্যাত বুদ্ধদেব বসু ছিলেন রবীন্দ্রনাথের পর সব্যসাচী লেখক। কাব্যধর্মী উপন্যাস রচনা করে তিনি খ্যাতি অর্জন করেন।

• **সাহিত্যকর্ম:**

১. **উপন্যাস** : একদা তুমি প্রিয়ে, তিথিডোর (১৯৪৯), সাড়া, সানন্দা, নীলাঞ্জনের খাতা, গোলাপ কেন কালো।

২. **কাব্যগ্রন্থ** : কঙ্কাবতী (১৯৩৭), মর্মবাণী, বন্দীর বন্দনা, স্বাগত বিদায়।

৩. **নাটক** : মায়া-মালঞ্চ, তপস্বী ও তরঙ্গিনী, কলকাতার ইলেক্ট্রা ও সত্যসন্ধ।

৪. **প্রবন্ধ** : হঠাৎ আলোর ঝলকানি, কালের পুতুল, সাহিত্যচর্চা, স্বদেশ ও সংস্কৃতি (১৯৫৭)।

৫. **ভ্রমণকাহিনী** : সব পেয়েছির দেশে, দেশান্তর।

♦ **মানিক বন্দ্যোপাধ্যায় (১৯০৮-১৯৫৬):** মানিক বন্দ্যোপাধ্যায় ১৯ মে, ১৯০৮ সালে বিহারের সাঁওতাল পরগণার দুমকা গ্রামে জন্মগ্রহণ করেন। পিতৃপ্রদত্ত নাম- প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়। তাঁর জীবনের প্রথমভাগে তিনি ফ্রয়েডীয়, পরবর্তীতে মার্কসিজম মতবাদে বিশ্বাসী ছিলেন। লেখালেখিই ছিল তাঁর প্রধান পেশা ও নেশা। এজন্য তিনি নিজেকে 'কলম পেশা মজুর' বলতেন। তিনি ৩ ডিসেম্বর, ১৯৫৬ সালে মৃগী রোগে আক্রান্ত হয়ে মারা যান।

• **সাহিত্যকর্ম:**

১. **উপন্যাস** : জননী (এটি তাঁর রচিত প্রথম উপন্যাস), পুতুল নাচের ইতিকথা (১৯৩৬), দিবারাত্রির কাব্য (১৯৩৫), পদ্মানদীর মাঝি (১৯৩৬) [উপন্যাসের পটভূমি বাংলাদেশের বিক্রমপুর-ফরিদপুর অঞ্চল। পদ্মার ভাঙন প্রবণতা ও প্রলয়ঙ্করী স্বভাবের কারণে একে বলা হয় কীর্তিনাশা। উপন্যাসটিতে এ নদীর তীর সংলগ্ন এলাকার কয়েকটি গ্রামের দীন-দরিদ্র মাঝি ও জেলেদের জীবনের সুখ, দুঃখ, হাসি-কান্না, অভাব-অভিযোগ– যা কিনা প্রকৃতিগতভাবে সেই জীবনধারায় অবিচ্ছেদ্য অঙ্গ তা বিশ্বস্ততার সাথে চিহ্নিত হয়েছে। চরিত্র: কুবের, কপিলা, মালা, হোসেন মিয়া], অহিংসা, আরোগ্য, চিহ্ন, চতুষ্কোন, শহরতলী।

২. **গল্পগ্রন্থ** : অতসী মামী ও অন্যান্য গল্প (বাংলা ১৩৩৫), প্রাগৈতিহাসিক, সরীসৃপ, সমুদ্রের স্বাদ, ভেজাল, ফেরিওয়ালা, ছোট বকুলপুরের যাত্রী, আত্মহত্যার অধিকার, আজকাল পরশুর গল্প।

৩. **প্রবন্ধ** : লেখকের কথা (১৯৫৭)।

৪. **নাটক** : ভিটেমাটি (১৯৪৬)।

♦ **সুকান্ত ভট্টাচার্য (১৯২৬-১৯৪৭):** কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য ১৫ আগস্ট, ১৯২৬ খ্রিস্টাব্দে কলকাতার কালীঘাটে জন্মগ্রহণ করেন। পৈতৃক নিবাস গোপালগঞ্জের কৌটালীপাড়ায়। তিনি বাংলা সাহিত্যের মার্কসবাদী ভাবধারায় বিশ্বাসী এবং প্রগতিশীল চেতনার অধিকারী তরুণ কবি। ১৯৪৭ সালের ১৩ই মে মাত্র ২০ বছর ৯ মাস (২১ বছর) বয়সে যক্ষ্মায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।

- **সাহিত্যকর্ম:**

১. **কাব্যগ্রন্থ** : ছাড়পত্র (কবির মৃত্যুর ৩ মাস পরে ১৯৪৭ সালে প্রকাশিত হয়। অনাচার ও বৈষম্যের প্রতিবাদ এ কাব্যের প্রধান বিষয়বস্তু), ঘুম নেই, পূর্বাভাস, মিঠেকড়া, অভিযান, হরতাল (১৯৬২), গীতিগুচ্ছ।

২. **অন্যতম কবিতা:** ছাড়পত্র, আঠারো বছর বয়স, রানার।

৩. **সংকলন** : আকাল (১৯৪৩) [পঞ্চাশের মন্বন্তর নিয়ে লেখা]।

♦ **গুরুত্বপূর্ণ উক্তিসমূহ:**

- **মাইকেল মধুসূদন দত্ত:**

১. হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন;
তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ পরদেশে,
ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি। (বঙ্গভাষা)

২. ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি,
এ ভিখারী দশা তবে কেন তোর আজি। (বঙ্গভাষা)

৩. কেলিনু শৈবালে, ভুলি কমল-কানন। (বঙ্গভাষা)

- **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়:**

১. কিন্তু মানুষ্য কখনো পাষাণ হয় না। (রাজসিংহ)

২. তুমি অধম, তাই বলে আমি উত্তম হব না কেন? (কপালকুণ্ডলা)

৩. পথিক তুমি পথ হারাইয়াছ? (কপালকুণ্ডলা)

- **মীর মশাররফ হোসেন:** মাতৃভাষার যাহার ভক্তি নাই সে মানুষ নহে।
- **প্রমথ চৌধুরী:** ১. সুশিক্ষিত লেকা মাত্রই স্বশিক্ষিত।
২. ভাষা মানুষের মুখ থেকে কলমের মুখে আসে, উল্টোটা করতে গেলে মুখে শুধু কালি পড়ে।
- **জীবনানন্দ দাস:** ১. পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন। (বনলতা সেন)
২. বাংলার মুখ আমি দেখিয়াছি,
তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর। (বাংলার মুখ)
৩. সুরঞ্জনা, ওইখানে যেয়ো নাকো তুমি। (আকাশনীলা)
৪. আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে। (আবার আসিব ফিরে)
৫. চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা। (বনলতা সেন)
৬. সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে। (সেইদিন এই মাঠ)
৭. কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে। (হায় চিল)
- **জসীমউদ্দীন:** ১. এতটুকু তারে ঘরে এনেছিনু সোনার মতন মুখ,
পুতুলের বিয়ে ভেঙ্গে গেল বলে কেঁদে ভাসাইত বুক। (কবর)
২. যে মোরে করিল পথের বিবাগী,
পথে পথে আমি ফিরি তার লাগি। (প্রতিদান)
৩. বাপের বাড়িতে যাইবার কাল কহিত ধরিয়া পা
আমারে দেখিতে যাইও কিন্তু উজান-তলীর গাঁ। (কবর)
- **মানিক বন্দ্যোপাধ্যায়:** ১. আমারে নিবা মাঝি লগে। (পদ্মা নদীর মাঝি)
২. ঈশ্বর থাকেন ঐ গ্রামে, ভদ্রপল্লীতে– এখানে তাহাকে খুঁজিয়া পাওয়া যাইবে না। (পদ্মা নদীর মাঝি)
- **সুকান্ত ভট্টাচার্য:** ১. এ বিশ্বকে শিশুর বাসযোগ্য করে যাব
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার। (ছাড়পত্র)
২. ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময় পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।

♦ **বিখ্যাত সাহিত্যিকদের প্রকৃত নাম ও ছদ্মনাম:**

প্রকৃত নাম	ছদ্মনাম	প্রকৃত নাম	ছদ্মনাম
আবু নঈম মোহাম্মদ শহীদুল্লাহ	শহীদুল্লা কায়সার	মীর মশাররফ হোসেন	গাজী মিয়া
অচিন্ত্যকুমার সেনগুপ্ত	নীহারিকা দেবী	বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
আখতারুজ্জামান ইলিয়াস	মঞ্জু (ডাকনাম)	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়	ক্বচিতপ্রৌঢ়
কাজী নজরুল ইসলাম	ধূমকেতু, দুখু মিয়া, নুরু	আবুল কালাম শামসুদ্দীন	শামসুদ্দীন আবুল কালাম
কামদারঞ্জন রায়	উপেন্দ্রকিশোর রায় চৌধুরী	আবু আবদাল মোহাম্মদ জহিরুল্লাহ	জহির রায়হান

প্রকৃত নাম	ছদ্মনাম	প্রকৃত নাম	ছদ্মনাম
প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়	মানিক বন্দ্যোপাধ্যায়	ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	পঞ্চানন
মুহম্মদ কাজেম আল কুরায়শী	কায়কোবাদ	আলাউদ্দিন আল আজাদ	বাদশা (ডাকনাম)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	কস্যচিৎ উপযুক্ত ভাইপোস্য	মাইকেল মধুসূদন দত্ত	Timothy Penpoem
আবদুল মান্নান সৈয়দ	অশোক সৈয়দ	অন্নদাশঙ্কর রায়	লীলাময় রায়
গন্ধর্ব নারায়ণ	দীনবন্ধু মিত্র	জীবনানন্দ দাশ	শ্রী, কালপুরুষ
প্রমথ চৌধুরী	বীরবল	রোকনুজ্জামান খান	দাদাভাই
সমরেশ বসু	কালকূট	মনিরুজ্জামান	হায়াৎ মামুদ
অজিত দত্ত	রৈবতক	কামিনি রায়	জনৈক বঙ্গমহিলা
সুনীল গঙ্গোপাধ্যায়	নীললোহিত	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর	বঙ্গের রঙ্গ দর্শক
বিমল ঘোষ	মৌমাছি	রবীন্দ্রনাথ ঠাকুর	ভানুসিংহ ঠাকুর
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	অনিলা দেবী	বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়	যাযাবর
প্যারীচাঁদ মিত্র	টেকচাঁদ ঠাকুর	রামমোহন রায়	শিবপ্রসাদ রায়
সত্যেন্দ্রনাথ দত্ত	অশীতিপর শর্মা	সৈয়দ মুজতবা আলী	মুসাফির, সত্যপীর
রাজশেখর বসু	পরশুরাম	কালীপ্রসন্ন সিংহ	হুতোম প্যাঁচা
চারুচন্দ্র চক্রবর্তী	জরাসন্ধ	জসীমউদদীন	তুজাম্বর আলি
নারায়ণ গঙ্গোপাধ্যায়	সুনন্দ	শেখ আজিজুর রহমান	শওকত ওসমান
সৈয়দ ওয়ালীউল্লাহ	আবু শরিয়া	মধুসূদন মজুমদার	দৃষ্টিহীন
মুকুন্দ দাস	চারণকবি	বিহারীলাল চক্রবর্তী	ভোরের পাখি

বিগত বছরের গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ? [বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড (সহকারী ব্যবস্থাপক-জেনারেল) ২০১৭]
ক. অনুগমন খ. অনুমান গ. অজ্ঞান ঘ. অকৃতজ্ঞ উ: ক

